DEC. 9 2000

তারিখ ...
পৃষ্ঠা ... 7 কলাম ... ৬

63

# রাজধানীতে সরকারি স্কুলে আজ থেকে ভর্তি ফরম বিক্রি অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা

হাসান আরেফিন

রাজধানীর নামীদামি সরকারি স্কুলগুলোতে আজ থেকে ছাত্রছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু হচ্ছে। নগরীর বেস্ট স্কুলগুলোতে ছেলেমেয়েদের ভর্তি করাতে অভিভাবকরা এখন দারুণ টেনশনে আছেন। সরকারি মহল থেকেও সরকারি স্কুলে যাতে প্রকৃত মেধাবী ছাত্রছাত্রীরা ভর্তি হতে পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভর্তির সব আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ২০০১ সালের মধ্য জানুয়ারিতে যাতে নতুন বছরের ক্লাস শুরু করা যায় সে ব্যাপারে ইতিমধ্যেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের পক্ষ থেকে সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সরকারি সূত্র জানায়, আজ শনিবার থেকে

স্কুল : পৃষ্ঠা : ২ কলাম : ২

## স্কুল : ফরম বিক্রি

(১ম পৃষ্ঠার পর)

শুরু হচ্ছে নগরীর নামীদামি ২৪টি সরকারি স্কুলে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের মাঝে ভর্তি ফরম বিক্রি। আগামী ১৮ ডিসেম্বর পর্যন্ত চলবে এই কাজ। ২০ ডিসেম্বরের মধ্যে আবেদনপত্র সংশ্লিষ্ট স্কুলে জমা দিতে হবে। এছাড়াও ২০০১ সালের ১ জানুয়ারি থেকে ৪ জানুয়ারি পর্যন্ত বিশেষ ব্যবস্থায় ভর্তি ফরম বিক্রি ও জমা নেয়ার ব্যবস্থা রয়েছে। সূত্র জানায়, নগরীতে জনসংখ্যার অনুপাতে সরকারি স্কুলের সংখ্যা খুবই কম। মাত্র ২৪টি স্কুলে এ বছর প্রায় দেড় লাখ শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অবতীর্ণ হবে মনে করছেন কর্তৃপক্ষ। এর মধ্যে মাত্র ৮ থেকে ১০ হাজার শিক্ষার্থী ওই সব সরকারি স্কুলে ভর্তি হওয়ার সুযোগ পাবে। মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদফতরের ভর্তি বিষয়ক এক সভায় সম্প্রতি নগরীর সরকারি ২৪টি স্কুলকে তিনটি গ্রুপে বিভক্ত করা হয়েছে। গ্রুপগুলো হচ্ছে 'এ', 'বি' ও 'সি'। প্রতিটি গ্রুপে আটটি করে স্কুল আছে। 'এ' গ্রুপের স্কুলগুলো হচ্ছে গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাই স্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়। 'বি' গ্রুপের স্কুলগুলো হচ্ছে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমণ্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং 'সি' গ্রুপের স্কুলগুলো হচ্ছে ধানমণ্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, টিকাটুলি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়। তিনটি গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে যথাক্রমে 'এ' গ্রুপ ৯ জানুয়ারি, 'বি' গ্রুপ ১০ জানুয়ারি এবং 'সি' গ্রুপের ১১ জানুয়ারি। সরকারি সূত্র জানায়, প্রতি গ্রুপের স্কুলগুলোতে একই প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব স্কুলের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও ছাপানোর দায়িত্ব রয়েছে অধিদফতরের হাতে।

প্রত্যেক শ্রেণীর জন্য তিন সেট প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। তবে কতগুলো প্রশ্নপত্র প্রণয়ন করা হবে তা নির্ধারিত হবে আবেদনপত্রের প্রাপ্যতার ওপর। আগামী ৫ জানুয়ারি এ ব্যাপারে আরও একটি বৈঠক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরে অনুষ্ঠিত হবে। ওই দিন এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে অধিদফতর সূত্র জানায়। কমিটির সভায় ভর্তি পরীক্ষার ফিস ধরা হয়েছে ৪০ টাকা করে। পরীক্ষার তিনদিনের মধ্যে ফল প্রকাশ করার নির্দেশ রয়েছে অধিদফতরের। প্রথম শ্রেণী থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের প্রশ্নপত্রের ওপরেই উত্তর লিখতে হবে। চতুর্থ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের পরীক্ষা হবে